

RBI/2015-16/443

DCM (Plg) No.G-12/4297/10.27.00/2015-16

জুন 30, 2016

চেয়ারম্যান/ প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক
সকল তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক
প্রাথমিক (শহরাঞ্চলিক) সমবায় ব্যাঙ্ক/ আরআরবি/ রাজ্য সমবায় ব্যাঙ্ক/
জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক

মহাশয়া/ মাননীয় মহাশয়,

প্রাক-2005 সালে জারি করা ব্যাঙ্ক নোটের বিনিময় সুবিধার পুনর্বিবেচনা

অনুগ্রহ করে উপরোক্ত বিষয়ের উপর আমাদের সারকুলার ডিসেম্বর 23, 2015 তারিখাঙ্কিত DCM (Plg) No.G-8/2331/10.27.00/2015-16, ফেব্রুয়ারি 11, 2016 তারিখাঙ্কিত DCM (Plg) No.G-9/2856/10.27.00/2015-16 এবং ডিসেম্বর 23, 2015 তারিখাঙ্কিত প্রেস প্রকাশনী দেখুন।

2. যেরকম আপনাদের অবগত থাকবে, জানুয়ারি 2014 থেকে প্রাক-2005 ব্যাঙ্কনোট বাজার প্রচলন থেকে তুলে নেওয়া হচ্ছে(প্রত্যাহার) এবং দীর্ঘ প্রয়াসের মাধ্যমে এইসকল নোটের একটা বড় অংশ তুলে নেওয়াও হয়েছে। এরূপ নোটের একটা ছোট অংশ, যদিও, বাজারে এখনও প্রচলনে রয়ে গেছে। সেই বিষয়ে সমীক্ষা করে, এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে জুলাই 01, 2016 থেকে তৎপরবর্তী সময়ে জনসাধারণের জন্য প্রাক-2005 ব্যাঙ্কনোট বিনিময়ের সুবিধা কেবলমাত্র ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের এই উল্লেখিত কার্যালয়গুলিতেই পাওয়া যাবে: আমেদাবাদ, বেঙ্গলুরু, বেলাপুর, ভোপাল, ভুবনেশ্বর, চন্ডীগড়, চেন্নাই, গুয়াহাটি, হায়দ্রাবাদ, জয়পুর, জম্মু, কানপুর, কলকাতা, লখনৌ, মুম্বই, নাগপুর, নিউ দিল্লী, পাটনা, থিরুবনন্তপুরম এবং কোচি। এই নির্দেশবিধিগুলি জুন 30, 2016 তারিখাঙ্কিত প্রেস প্রকাশনীতে উল্লেখ করা আছে(প্রতিলিপি সংযোজিত)।

3. প্রাক-2005 ব্যাঙ্কনোটসমূহ অব্যাহতভাবে বৈধ টেন্ডার হিসাবে বিদ্যমান থাকবে।

4. আপনাকে বলা হচ্ছে যেসকল জনসাধারণ আপনার শাখাসমূহে আসবে তাঁদেরকে যথাযথরূপে এরূপ নোটের বিনিময় সম্পর্কে অবগত করতো।

5. অনুগ্রহ করে এই বিষয়টি নিশ্চিত করুন যাতে এইসকল নোটসমূহ এটিএম অথবা কাউন্টার মারফত পুনরায় বাজার প্রচলনে না ফিরতে পারে।

6. অনুগ্রহ করে प्राप्तिस्वीकार करुना।

आपनार विश्वस्त,

(पि विजयकुमार)

मुख्य महा प्रबन्धक

संयोजित: 1 पता